

ভূমিকাঃ

বাংলাদেশের অত্যন্ত গুরুত্বপূর্ণ বিদ্যুৎ সেক্টরের অব্যাহত সংস্কার/পুনর্গঠন কার্যক্রমের আওতায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার গুণগত মান পরিবর্তনের লক্ষ্যে কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় দেশের প্রথম বিদ্যুৎ বিতরণ কোম্পানি হিসেবে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি: (ডেসকো) নভেম্বর ১৯৯৬ সালে গঠিত হয়।

দীর্ঘ একুশ বছরের পথ পরিক্রমায় ডেসকো বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় উন্নত গ্রাহকসেবা প্রদান, দক্ষ পরিচালন কার্যক্রম বাস্তবায়ন এবং সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করেছে, যার ফলশ্রুতিতে ডেসকো গত পাঁচ বছর যাবত মূল্যায়নের সবকটি সূচকের প্রাপ্তসীমা অতিক্রম করেছে।

সভ্যতা ও আধুনিকতার নিয়ামক বিদ্যুৎ, এটি আমরা সকলেই স্বীকার করি। ২০২১ সালের মধ্যে সরকারের “সবার জন্য বিদ্যুৎ” কর্মসূচি এবং “টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা” (এসডিজি) অর্জনের চ্যালেঞ্জকে সামনে রেখে বর্তমানে ডেসকো সরকারের নির্দেশনা বাস্তবায়নে নিরলস ভাবে পরিশ্রম করে যাচ্ছে।

জনসেবা প্রদানে ও দেশের সার্বিক উন্নয়নে সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের উদ্দেশ্যে ডেসকো তথ্য প্রযুক্তি নির্ভর নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে। গ্রাহক সেবার মান বৃদ্ধিসহ প্রাতিষ্ঠানিক দৃঢ়তা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে ডেসকো তথ্য প্রযুক্তির ব্যবহার বিস্তৃত করেছে, ফলস্বরূপ ডেসকো মোবাইল অ্যাপস প্রস্তুত করে গ্রাহক সেবা এবং সেবা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য গ্রাহকের একেবারে হাতের মুঠোয় পৌঁছানোর ব্যবস্থা করেছে।